দৈনিক ইনকিলাব

তারিখ 28 NOV 2008 পৃষ্ঠা ১২ কলাম ৭

## দুদকের মামলা

# শিক্ষা অধিদফতরের নির্বাহী প্রকৌশলীসহ ৫ জনের বিরুদ্ধে চার্জশিট হচ্ছে

স্টাফ রিপোর্টার

শিক্ষা অধিদফতরের নির্বাহী প্রকৌশলী মোঃ হারুন অর রশিদসহ ৫ জনের বিরুদ্ধে চার্জশিট দিচ্ছে দুর্নীতি দমন কমিশন। ইতোমধ্যেই এসব চার্জশিট আদালতে দাখিলের জন্য কমিশনের অনুমোদন লাভ করেছে। যাদের বিরুদ্ধে চার্জশিট অনুমোদন লাভ করেছে তারা হলেন মানিকগঞ্জ পৌরসভার চেয়ারম্যান মোঃ রমজান আলী (দুটি মামলা), যমুনা কমপ্লেক্সের সাবেক মহাব্যবস্থাপক মোঃ ওয়াহিদুল ইসলাম, প্রভাতি পৃঃ ১১ কঃ ২

# শিক্ষা অধিদফতরের নির্বাহী

১২-এর পৃষ্ঠার পর

ইন্স্যুরেন্স কোম্পানির ডিএমডি নিখিল রঞ্জন দেবনাথ জনি, অবসরপ্রাপ্ত সার্জেন্ট মোঃ হারুন অর রশিদ। গতকাল (বৃহস্পতিবার) নিয়মিত ব্রিফিংয়ে এ তথ্য দেন দুদক মহাপরিচালক কর্নেল হানিফ ইকবাল।

চার্জশিটে প্রকৌশলী হারুন অর রশিদের বিরুদ্ধে শেরে বাংলানগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের পুরাতন দোতলা ভবন সম্প্রসারণের কাজে ঠিকাদারের কাছ থেকে ১১ লাখ টাকা ঘুষ দাবি করে ৬ লাখ ৫০ হাজার টাকা ঘুষ গ্রহণের অভিযোগ আনা হয়েছে। ঢাকা মহানগর দায়রা জজ আদালতে তার বিরুদ্ধে মামলা (নং-০১/০৮) দায়ের হয়।

মোঃ রমজান আলীসহ ২ জনের চার্জশিটে পরস্পর যোগসাজশে বিধি-বহির্ভূতভাবে ৫ লাখ টাকার প্রাক্কলনকে ১০ লাখ ৯ হাজার ৬৮৪ টাকা বৃদ্ধি করে আর্থিক সুবিধা গ্রহণের অভিযোগ আনা হয়েছে। ২০০৭ সালের ৩ মে দুদক এ মামলা দায়ের করে।

অপর চার্জশিটে রমজানসহ ২ জনের বিরুদ্ধে ১৯৯৮ সালের প্রকল্প ২০০৫ সাল পর্যন্ত বারবার বর্ধিত দেখিয়ে ৩ লাখ ২৫ হাজার ৩৩০ টাকা বেআইনি আর্থিক সুবিধা গ্রহণের অভিযোগ আনা হয়েছে। ২০০৭ সালের ৩ মে মানিকগঞ্জ থানায় এ মামলা দায়ের করে দুদক।

মোঃ ওয়াহিদুল ইসলামের বিরুদ্ধে ৫৭ জন স্বীকৃত ক্রেতার এলসির বিপরীতে ৬৪ হাজার ৩৯২ গজ ফিনিসড ডেনিমস ফেব্রিক্স কারখানা থেকে বের করে কালোবাজারে বিক্রির অভিযোগ আনা হয়েছে। গত ১৫ এপ্রিল জয়দেবপুরের গাজীপুর থানায় এ মামলাটি দায়ের হয়।

নিখিল রঞ্জন দেবনাথ জনিসহ ৪ জনের বিরুদ্ধে প্রভাতি ইন্স্যুরেন্স কোম্পানির ৩২ লাখ ৪৫ হাজার ৪৮৩ টাকা আত্মসাতের অভিযোগ আনা হয়েছে। ২০০৭ সালের ১৭ জুন রাজধানীর কোতোয়ালি থানায় মামলাটি দায়ের করা হয়। সার্জেন্ট হারুন অর রশিদের বিরুদ্ধে ভুয়া নাম ব্যবহার করে প্রতারণার মাধ্যমে ৯ লাখ ৪৬ হাজার ২৬৫ টাকা আত্মসাতের অভিযোগ আনা হয়েছে। ২০০৭ সালের ২৪ জুন ক্যান্টনমেন্ট থানায় মামলাটি দায়ের হয়।

এছাড়া বাখরাবাদ গ্যাস সিস্টেমস লি. আখাবাদের সিবিএ নেতা হাসান শরীফের সম্পদ বিবরণী চেয়ে নোটিশ পাঠাচ্ছে দুর্নীতি দমন কমিশন। এসব চার্জশিট এবং নোটিশ শিগগিরই প্রেরণ করা হবে বলে জানান দুদক মহাপরিচালক।